

Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 11 July, 2025

শুল্ক ও বাণিজ্য ইস্যুতে দ্বিতীয় দিনের আলোচনায় বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র কয়েকটি বিষয়ে একমত হয়েছে বলে জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস।

শুক্রবার (১১ জুলাই) বাংলাদেশ সময় সকাল ১০টা ৩৮ মিনিটে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি জানান, দ্বিতীয় দিনের আলোচনায় দুই দেশের মধ্যে বর্তমান ও ভবিষ্যৎ বাণিজ্যের গতিপ্রকৃতি নিয়ে যুক্তিতর্ক হয়েছে এবং বেশ কিছু বিষয়ে মোটামুটি সমঝোতায় পৌঁছানো গেছে। তবে কিছু বিষয় এখনও অমীমাংসিত রয়ে গেছে।

আলোচনাটি বৃহস্পতিবার (১০ জুলাই) ওয়াশিংটন ডিসিতে স্থানীয় সময় দ্বিতীয় দিনে শেষ হয়। আজ শুক্রবার (ওয়াশিংটন সময় সকাল ৯টা) তৃতীয় দিনের আলোচনা শুরু হওয়ার কথা রয়েছে।

ড. ইউনূস আরও জানান, দ্বিতীয় দিনের আলোচনায় একটি উল্লেখযোগ্য দিক ছিল বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীনের একান্ত বৈঠক, যেখানে তিনি যুক্তরাষ্ট্রের ইউএস ট্রেড রিপ্রেজেন্টেটিভ (□□□□) অ্যাঙ্কাসেডর জেমিসন গ্রিয়ারের সঙ্গে বৈঠক করেন। গ্রিয়ার ট্রাম্প প্রশাসনের একজন প্রভাবশালী মন্ত্রী পর্যায়ের কর্মকর্তা। আলোচনায় শুল্ক ছাড়াও দুই দেশের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট ইস্যুতে খোলামেলা ও আন্তরিক পরিবেশে আলোচনা হয়।

ড. ইউনূস বলেন, “বাংলাদেশ শুধু রপ্তানি নয়, বরং যুক্তরাষ্ট্র থেকে আমদানিও বাড়াতে

প্রতিশ্রুতিবদ্ধ। ইতোমধ্যে সে উদ্যোগ শুরু হয়েছে। শুষ্ক সংক্রান্ত আলোচনায় বাংলাদেশ যুক্তিসঙ্গত ন্যায্যতা প্রত্যাশা করে।’

তিনি আরও জানান, বাংলাদেশের প্রতিযোগিতামূলক অবস্থান ধরে রাখার বিষয়ে মার্কিন পক্ষ থেকে সহযোগিতার আশ্বাস মিলেছে।

বাংলাদেশের পক্ষে আলোচনায় নেতৃত্ব দিচ্ছেন বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন। ঢাকায় অবস্থিত কর্মকর্তাদের মধ্যে ভার্সুয়ালি যুক্ত হন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমান, বাণিজ্য সচিব মাহবুবুর রহমান, অতিরিক্ত সচিব নাজনীন কাওসার চৌধুরীসহ সরকারের উচ্চপদস্থ কর্মকর্তা ও অর্থনৈতিক বিশেষজ্ঞরা।

ড. মুহাম্মদ ইউনুস শুষ্ক বাণিজ্য

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 July, 2025 16:17

URL: <https://timestodaybd.com/national/4573775807>